# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 01 June, 2025

সুনামগঞ্জ সীমান্ত থেকে ঈদের মার্কেটে যাওয়ার পথে মূল্যবান শাড়ীর চালান সহ দুই কোটি টাকার ভারতীয় পণ্য জব্দ করেছে ২৮ বিজিবি সুনামগঞ্জ ব্যাটালিয়ন।এ নিয়ে ৬ দিনে প্রায় ৫ কোটি টাকার ভারতীয় অবৈধ পণ্য জব্দ করেছে বিজিবি।

গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ভোরে সদর উপজেলার হালুয়াঘাট থেকে নৌকার ভেতরে থাকা কাতান সহ বিভিন্ন ব্রান্ডের ১৭শ পিস শাড়ি, ৭ হাজার দুইশ পিস ত্বক ফর্সাকারী মেডিকেটেড ক্রীম, ১৮০ কেজি উন্নতমানের জিরা টাস্কফোর্সের মাধ্যমে জব্দ করা হয়।যার বাজার মূল্য দুই কোটি ত্রিশ লক্ষ টাকা। টাস্কফোর্সের নেতৃত্ব দেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মেহেদী হাসান ও বিজিবি সহকারী পরিচালক মো. রফিকুল ইসলাম।

সুনামগঞ্জ ২৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধিনায়ক জানান, ঈদের বাজার সামনে রেখে সীমান্তে স্থলপথের পাশাপাশি নৌপথেও চোরাকারবারিদের তৎপরতা বেড়েছে। তাই নৌপথেও নিয়মিত অভিযান চালানো হচ্ছে। চোরাকারবার ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে গোয়েন্দা তৎপরতা পাশাপাশি নজরদারি বৃদ্ধি করা হয়েছে।

সুনামগঞ্জ ভারত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:03

URL: https://www.timestodaybd.com/across-the-country/5458823225